

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.৯৯.০০১.১৯-৪৮৮

তারিখঃ ০২ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ  
১৯ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ

বিষয়: আগামী ১২-১৫ এপ্রিল ২০১৯ তারিখে ভুটানের মাননীয় প্রধানমন্ত্রীর বাংলাদেশে সরকারি সফর উপলক্ষে আয়োজিত সমন্বয় সভার কার্যবিবরণীর আলোকে ব্যবস্থা গ্রহণ।

সূত্রঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-১৯.০০.০০০০.৭২৫.৩৪.০০১.১৯/০৩, তারিখঃ ১৪/০৩/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভুটানের মাননীয় প্রধানমন্ত্রী H.E. Mr. Lotay Tshering আগামী ১২-১৫ এপ্রিল ২০১৯ তারিখে বাংলাদেশে সরকারি সফর করবেন। এ সফরের প্রস্তুতিকল্পে গত ১০/০৩/২০১৯ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ের রাষ্ট্রাচার প্রধান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হল।


২। প্রেরিত কার্যবিবরণীর আলোকে নিম্নোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল :

ক্রমিক নং	তারিখ ও সময়	কর্মসূচি	আলোচনা অনুযায়ী সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	১২ এপ্রিল, ২০১৯ (শুক্রবার) ০৯০৫ ঘটিকা	মাননীয় অতিথির হোটেলে আগমন  হোটেল ইন্টারকন্টিনেন্টাল, ঢাকা	ক. ঢাকায় প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসকদের on-call নিয়োজিতকরণ। হোটেল ইন্টারকন্টিনেন্টাল এ প্রয়োজনীয় ঔষধপত্রসহ অভিজ্ঞ চিকিৎসকদের একটি দল সফরকালীন সময়ে সার্বক্ষণিকভাবে নিয়োজিতকরণ। নিয়োজিত চিকিৎসকদের পরিচয় পত্রের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; বাসস্থান, অফিস ও মোবাইল নম্বরসহ নামীয় তালিকা AIG, SB ; বিশেষ নিরাপত্তা বাহিনী এবং রাষ্ট্রাচার অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।  খ. মাননীয় অতিথির আবাসস্থলে সার্বক্ষণিক একটি এ্যাম্বুলেন্স এর ব্যবস্থা করা।	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর  এবং  সিভিল সার্জন, ঢাকা
২	১৪ এপ্রিল, ২০১৯ (রবিবার) ১২৪০-১৫০০ ঘটিকা	ময়মনসিংহ মেডিকেল কলেজ ও হাসপাতাল পরিদর্শন  -মধ্যাহ্ন ভোজ  - ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল এর শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তব্য প্রদান	ক. মাননীয় অতিথি কর্তৃক ময়মনসিংহ মেডিকেল কলেজ ও হাসপাতাল পরিদর্শন উপলক্ষে সমুদয় ব্যবস্থা গ্রহণ  খ. মাননীয় অতিথি ও সফরসঙ্গীবৃন্দের জন্য যথাযথ মধ্যাহ্নভোজের ব্যবস্থা করা  গ. পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে সমন্বয়ক্রমে বক্তব্য প্রদানের ভেন্যু প্রস্তুত করা  ঘ. যথাযথ guided tour এর ব্যবস্থা	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর  এবং  পরিচালক, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল

অঃ পূঃ ডঃ

		-পরিদর্শন	করা	
			৬. হাসপাতালের সার্বিক পরিষ্কার পরিচ্ছন্নতা ও সৌন্দর্য বর্ধন করা	
৩	১৪ এপ্রিল, ২০১৯  (রবিবার)  ১৬৪৫-১৭১০ ঘটিকা	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক সাক্ষাত  স্থান: হোটেল ইন্টারকন্টিনেন্টাল (TBC)	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীকে সভার ভেন্যু, সময় ইত্যাদির বিষয়ে হালনাগাদ তথ্য প্রদান	মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
<b>সফর সংক্রান্ত অন্যান্য কার্যক্রম</b>				
৪	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	ক. NICVD, BSMMU এর ইব্রাহিম মেমোরিয়াল কার্ডিয়াক সেন্টারে একটি করে ভিআইপি কেবিন প্রস্তুত রাখা  খ. উক্ত হাসপাতালগুলোতে প্রয়োজনীয় বিশুদ্ধ রক্ত নিশ্চিত করা  গ. অভিজ্ঞ যথোপযুক্ত চিকিৎসক ও প্যারামেডিককে মাননীয় অতিথির যানবহরের এ্যাম্বুলেন্সে সার্বক্ষণিক ভ্রমণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান  ঘ. জরুরি প্রয়োজনে যেকোন বেসরকারি হাসপাতালের একটি আধুনিক কার্ডিয়াক এ্যাম্বুলেন্স এর ব্যবস্থা করা।		১. ভাইস চ্যান্সেলর, বিএসএমএমইউ;  ২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর;  ৩. পরিচালক, NICVD;  ৪. পরিচালক, ইব্রাহিম মেমোরিয়াল কার্ডিয়াক সেন্টার, শাহবাগ, ঢাকা

সংযুক্তি : বর্ণনামতে।



(শাহিনা খাতুন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

[sasadmin1@mohfw.gov.bd](mailto:sasadmin1@mohfw.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ভাইস চ্যান্সেলর, বিএসএমএমইউ, শাহবাগ, ঢাকা [দৃঃআঃ রেজিস্ট্রার]
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা
- ৪। পরিচালক, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ
- ৫। সিভিল সার্জন, ঢাকা
- ৬। পরিচালক, ইব্রাহিম মেমোরিয়াল কার্ডিয়াক সেন্টার, শাহবাগ, ঢাকা
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অনুলিপি :

- ১। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (দৃঃআঃ রাষ্ট্রাচার প্রধান)
- ২। জেলা প্রশাসক, ঢাকা/ময়মনসিংহ
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়